

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম-এর
৫ম সমাবর্তন-২০২২ এ অংশগ্রহণকারী গ্র্যাজুয়েটবৃন্দের উদ্দেশ্যে নির্দেশিকা


প্রিয় মহোদয়,

আদিষ্ট হয়ে এতদ্বারা আপনাকে জানাচ্ছি যে, আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম-এর ৫ম সমাবর্তন আগামী ১১ সেপ্টেম্বর ২০২২ (রবিবার) সকাল ১০.০০টায় বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে অনুষ্ঠিত হবে।

সমাবর্তনের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার স্বার্থে সমাবর্তনে অংশগ্রহণকারী গ্র্যাজুয়েটবৃন্দকে নিম্নলিখিত নির্দেশিকা অনুসরণ করতে অনুরোধ করা যাচ্ছে:

- ১) সমাবর্তনে অংশগ্রহণকারী সকল গ্র্যাজুয়েটকে অবশ্যই সমাবর্তন রেজিস্ট্রেশনের প্রমাণপত্র (Entry Pass) প্রদর্শনপূর্বক আগামী ০৭, ০৮ ও ০৯ সেপ্টেম্বর ২০২২ (বুধবার, বৃহস্পতিবার ও শুক্রবার) প্রতিদিন সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত সমাবর্তনের গাউন স্ব স্ব বিভাগ থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। নির্দিষ্ট তারিখ ও উল্লেখিত সময়ের মধ্যে সমাবর্তনের গাউন সংগ্রহের জন্য অনুরোধ করা যাচ্ছে।
- ২) অংশগ্রহণকারী রেজিস্ট্রার্ড গ্র্যাজুয়েটবৃন্দকে তাদের নামে সামগ্রিক বকেয়া ফী ও ইস্যুকৃত বই (যদি থাকে) তা আগামী ০৭ সেপ্টেম্বর ২০২২ (বুধবার) এর মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ১১ সেপ্টেম্বর ২০২২ (রবিবার) তাদেরকে মূল সনদ প্রদান করা হবে না।
- ৩) সমাবর্তনে অংশগ্রহণকারী গ্র্যাজুয়েটবৃন্দকে (যাদের জন্য প্রযোজ্য) তাদের নামে ইস্যুকৃত সাময়িক সনদপত্র আগামী ০৭, ০৮ ও ০৯ সেপ্টেম্বর ২০২২ (বুধবার, বৃহস্পতিবার ও শুক্রবার) জমাদানপূর্বক গাউন সংগ্রহ করার অনুরোধ করা যাচ্ছে। অন্যথায় ১১ সেপ্টেম্বর ২০২২ (রবিবার) তাদেরকে মূল সনদ প্রদান করা সম্ভব হবে না।
- ৪) সমাবর্তনের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার স্বার্থে রেজিস্ট্রার্ড গ্র্যাজুয়েটদেরকে Entry Pass কার্ড সার্বক্ষণিক সাথে রাখার অনুরোধ করা যাচ্ছে।
- ৫) সমাবর্তনে অংশগ্রহণকারী গ্র্যাজুয়েটকে আগামী ১১ সেপ্টেম্বর ২০২২ (রবিবার) সকাল ১০.০০টার মধ্যে অবশ্যই সমাবর্তন গাউন পরিধানপূর্বক অনুষ্ঠানস্থলে প্রবেশ করে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।
- ৬) সমাবর্তন র্যালী সমাবর্তন প্যাভেল প্রবেশ করার পর থেকে মাননীয় সভাপতি মঞ্চে আসন গ্রহণ না করা পর্যন্ত সকলকে দাঁড়িয়ে সম্মান প্রদর্শনের অনুরোধ করা যাচ্ছে।
- ৭) মাননীয় সভাপতি কর্তৃক সমাবর্তন সমাপ্তি ঘোষণার পর তাঁর সমাবর্তন প্যাভেল ত্যাগ না করা পর্যন্ত সকল অংশগ্রহণকারীকে তাদের নির্দিষ্ট আসনে অবস্থানের জন্য অনুরোধ করা যাচ্ছে এবং Entry Pass কার্ড প্রদর্শনপূর্বক নির্দিষ্ট বুথ থেকে মধ্যাহ্নভোজ সংগ্রহ করা যাবে।
- ৮) নামাজ ও মধ্যাহ্নভোজের পর বিকাল ৩.০০টা থেকে ৪.০০টা পর্যন্ত অনুষ্ঠান ভিত্তিক রেজিস্ট্রার্ড গ্র্যাজুয়েটদের নিয়ে পূর্ণমিলনী অনুষ্ঠিত হবে।
- ৯) সরবরাহকৃত সমাবর্তন গাউন অবশ্যই সমাবর্তন শেষ হওয়ার পরে স্ব স্ব বিভাগে বিকাল ৪.০০টা থেকে ৫.০০টার মধ্যে জমাদানপূর্বক মূল সনদ সংগ্রহ করতে হবে।
- ১০) সমাবর্তনের গাউন সংগ্রহ করার সুবিধার্থে আগামী ০৭, ০৮ ও ০৯ সেপ্টেম্বর ২০২২ (বুধবার, বৃহস্পতিবার ও শুক্রবার) সকাল ৯.৩০টায়, ১১.০০টায় ও দুপুর ১.০০টায় (শুক্রবার-২টায়) নগরীর একে খান মোড় (কেবল্যধাম) এবং বহদুরহাটস্থ ট্রাস্ট অফিস (বাস টার্মিনাল সংলগ্ন) থেকে বিশ্ববিদ্যালয়ে যাওয়ার জন্য এবং দুপুর ২.০০টায় ও বিকাল ৪.৪৫টায় ফিরতি গাড়ীর ব্যবস্থা থাকবে।
- ১১) সমাবর্তন অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য ১১ সেপ্টেম্বর ২০২২ (রবিবার) সকাল ৮:০০টায় বহদুরহাটস্থ ট্রাস্ট অফিস (বাস টার্মিনাল সংলগ্ন), চকবাজার (চট্টেশ্বরী রোড) ও আছাবাদ (লাকী প্লাজা) থেকে গাড়ীর ব্যবস্থা থাকবে। উল্লেখিত নির্দিষ্ট পয়েন্ট-এ Entry Pass কার্ড প্রদর্শনপূর্বক গাড়ীতে উঠার জন্য অনুরোধ করা যাচ্ছে। সমাবর্তন ও অন্যান্য আনুষ্ঠানিকতা শেষে বিকাল ৫.৩০টায় গাড়ী বিশ্ববিদ্যালয় ত্যাগ করবে।
- ১২) সমাবর্তন গাউন হারানো গেলে কিংবা ক্ষতিগ্রস্ত হলে ক্ষতিপূরণ বাবদ নগদ ২০০০/- টাকা পরিশোধপূর্বক রসিদ মূল সনদ সংগ্রহকালীন জমা দিতে হবে।
- ১৩) রেজিস্ট্রার্ড গ্র্যাজুয়েটদের ই-মেইলে Entry Pass কার্ড পাঠানো হবে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (<https://www.iiuc.ac.bd/convocation>) থেকেও উক্ত কার্ড ডাউনলোড করা যাবে। (এ সংক্রান্ত সহযোগিতার জন্য যোগাযোগ করতে পারেন : ০১৮৩২-২২৩৩১০)

আপনাদের বিশ্বস্ত,



এ. এফ. এম. আখতারুজ্জামান (কায়সার)

রেজিস্ট্রার

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম।

